

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৩০৭

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মুসলিম ব্যক্তির দানকে মহান আল্লাহ বহুগুণ বাড়িয়ে দিবেন, যাতে তিনি তাদেরকে কিয়ামতের দিন পরিপূর্ণভাবে প্রতিদান দিতে পারেন মর্মে হাদীস

ذَكَرُ الْإِخْبَارِ عَنْ تَضْعِيفِ اللَّهِ جَلَّ وَعَلَا صَدَقَةَ الْمَرْءِ الْمُسْلِمِ لِيُوفَرَ ثَوَابَهَا عَلَيْهِ فِي الْقِيَامَةِ

আরবী

3307 - أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانَ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ سَعِيدٍ عَنْ أَبِي سَعِيدٍ مَوْلَى الْمَهْرِيِّ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ أَحَدَكُمْ لِيَتَصَدَّقَ بِالتَّمْرَةِ إِذَا كَانَتْ مِنْ طَيِّبٍ - وَلَا يَقْبَلُ اللَّهُ إِلَّا الطَّيِّبَ - فَيَجْعَلُهَا اللَّهُ فِي كَفِّهِ فِيرَبِّهَا كَمَا يُرَبِّي أَحَدَكُمْ فَلَوْهُ أَوْ فَصِيلُهُ حَتَّى تَكُونَ فِي يَدِهِ جَلَّ وَعَلَا مِثْلَ جَبَلٍ) صحيح - مضى قبل حديثين.

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3307 | خلاصة حكم المحدث: صحيح - ((الروض النضير)) (1083) , ((ظلال الجنة)) (623): م.

বাংলা

৩৩০৭. আবু হুরাইরা রাছিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ পবিত্র উপার্জন থেকে একটি খেজুর দান করে -আর আল্লাহ পবিত্র ছাড়া অন্য কিছু গ্রহণ করেন না- তখন মহান আল্লাহ তাঁর হাতের তালুতে রাখেন। অতঃপর তা প্রতিপালিত করে বড় করে তুলেন, যেভাবে তোমরা তোমাদের অশ্বশাবক বা উটের বাচ্চাকে প্রতিপালিত করে বড় করে তোলো। এমনকি সেটি তাঁর হাতে পাহাড়ের মতো হয়ে যায়।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৪২৫; মুসনাদ আহমাদ: ২/৫৩৮; সহীহ মুসলিম: ১০১৪; নাসাঈ: ৫/৫৭; ইবনু মাজাহ: ১৮৪২; বাগাবী: ১৬৩২; সহীহুল বুখারী: ১৪১০।

নাসাঈ: ৫/৬৬-৬৭; মুসনাদ আহমাদ: ৬/১২১; সহীহুল বুখারী: ১৪২০; বাইহাকী, দালাইলুন নুবুওওয়াহ: ৬/৩৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জাম্মাহ:৬২৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আমর ইবন হুরায়স (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92638>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন